# জগন্নাথ বিশ্ববিদ্যালয় বার্তা

অক্টোবর-ডিসেম্বর, ২০২৫ । ৬০তম সংখ্যা


## বিভিন্ন আয়োজনের মধ্য দিয়ে জগন্নাথ বিশ্ববিদ্যালয় দিবস-২০২৫ উদ্‌যাপন

'ঐক্যবদ্ধ জবিয়ান, স্বপ্ন জয়ে অটল প্রাণ'– এ প্রতিপাদ্যকে ধারণ করে জগন্নাথ বিশ্ববিদ্যালয় (জবি) দিবস ২০২৫ তথা বিশ্ববিদ্যালয়ের ২০তম প্রতিষ্ঠাবার্ষিকী ২৭ অক্টোবর পালিত হয়েছে। দিনব্যাপী আয়োজনে ছিল র‍্যালি, চারুকলা ও আলোকচিত্র প্রদর্শনী, আলোচনা সভা এবং দোয়া মাহফিলসহ নানা অনুষ্ঠান।




বিশ্ববিদ্যালয় দিবস উপলক্ষ্যে আয়োজিত র‍্যালির একাংশ

বিশ্ববিদ্যালয়ের শহিদ মিনার চত্বরে জাতীয় সংগীত পরিবেশনের মধ্য দিয়ে জাতীয় পতাকা ও বিশ্ববিদ্যালয়ের পতাকা উত্তোলনের মাধ্যমে দিবসের শুভ উদ্বোধন করা হয়। উপাচার্য অধ্যাপক মোঃ রেজাউল করিম, পিএইচডি বেলুন ও পায়রা উড়িয়ে আনুষ্ঠানিকভাবে বিশ্ববিদ্যালয় দিবসের উদ্বোধন ঘোষণা করেন।

এ সময় বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. সাবিনা শরমীন, বিভিন্ন অনুষদের ডিন, ইনস্টিটিউটের পরিচালক, বিভাগীয় চেয়ারম্যানবৃন্দ, শিক্ষক সমিতির সভাপতি ও সাধারণ সম্পাদক, রেজিস্ট্রার, পরীক্ষা নিয়ন্ত্রক, প্রভোস্ট, প্রক্টর, বিভিন্ন দপ্তরের পরিচালক, শিক্ষক-শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।

উদ্বোধনের পর উপাচার্যের নেতৃত্বে প্রতিষ্ঠাবার্ষিকীর র‍্যালি বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস থেকে শুরু হয়ে রায়সাহেব বাজার মোড় ও ভিক্টোরিয়া পার্ক ঘুরে ক্যাম্পাসে এসে শেষ হয়।

র‍্যালিতে বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. সাবিনা শরমীন, শিক্ষক সমিতির সভাপতি ও সাধারণ সম্পাদক, বিভিন্ন অনুষদ, ইনস্টিটিউট, বিভাগ ও দপ্তরের শিক্ষক-শিক্ষার্থী, ক্রিয়াশীল ছাত্র সংগঠন, সাংবাদিক সংগঠন, কর্মকর্তা-কর্মচারীরা নিজ নিজ ব্যানারসহ অংশগ্রহণ করেন।

সকাল ১০টা ৩০ মিনিটে শহিদ সাজিদ ভবনের নিচতলায় চারুকলা অনুষদের আয়োজনে অনুষ্ঠিত হয় 'বার্ষিক শিল্পকর্ম ২০২৫' শীর্ষক চারুকলা ও আলোকচিত্র প্রদর্শনী। উপাচার্য অধ্যাপক মোঃ রেজাউল করিম, পিএইচডি প্রদর্শনীর উদ্বোধন করেন। এতে চারুকলা অনুষদের শিক্ষক ও শিক্ষার্থীদের সৃজনশীল শিল্পকর্ম, চিত্র এবং আলোকচিত্র প্রদর্শিত হয়, যা উপস্থিতদের মনোযোগ আকর্ষণ করে।

বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান ভবন প্রাঙ্গণে অনুষ্ঠিত আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক মোঃ রেজাউল করিম, পিএইচডি। তিনি বলেন, ২০০৫ সালে তৎকালীন প্রধানমন্ত্রী ও বাংলাদেশের সর্বাধিক জনপ্রিয় দেশনেত্রী বেগম খালেদা জিয়া জগন্নাথ বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করেছিলেন, যার ফলে আজ আমরা এই বিশ্ববিদ্যালয়ে নানা শিক্ষা ও গবেষণামূলক কার্যক্রম সফলভাবে পরিচালনা করতে পারছি। গত এক বছরে আমাদের অর্জন সম্পর্কে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও শিক্ষার্থীরাই ভালোভাবে অবগত। আমরা যখন দায়িত্ব গ্রহণ করি, তখন শিক্ষার্থী সংশ্লিষ্ট বাজেট ছিল অত্যন্ত সীমিত; বর্তমানে সেই বাজেট উল্লেখযোগ্য পরিমাণে বৃদ্ধি করা হয়েছে। তিনি আরো বলেন, আগামীতে আমরা একাডেমিক উৎকর্ষের ধারাবাহিকতা রক্ষা ও অগ্রগতির জন্য কাজ করব। নিয়মিত ক্লাস মনিটরিং সিস্টেম অব্যাহত থাকবে এবং ফলাফল প্রকাশে যেন অযথা বিলম্ব না হয়, সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। পাশাপাশি শিক্ষকদের গবেষণা কার্যক্রমে শিক্ষার্থীদের গবেষণা সহকারী হিসেবে সম্পৃক্ত করা হচ্ছে, যাতে তারা গবেষণার বাস্তব অভিজ্ঞতা অর্জন করতে পারে।

তিনি বলেন, শিগগিরই বিশ্ববিদ্যালয়ে 'গবেষণা সপ্তাহ' আয়োজন করা হবে, যা শিক্ষার্থী ও শিক্ষক উভয়ের জন্য গবেষণায় উৎসাহ জোগাবে। শিক্ষার্থীদের আবাসন সংকট নিরসন সময়সাপেক্ষ হলেও আমরা এই সমস্যার সমাধানে আন্তরিকভাবে কাজ করছি; আশা করছি আগামী বছরের মধ্যে আংশিক সমাধান সম্ভব হবে। সবশেষে তিনি বলেন, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের অগ্রগতি ও মর্যাদা রক্ষায় আমাদের প্রতিটি পদক্ষেপই হবে আন্তরিকতার সঙ্গে, আর সেই প্রচেষ্টায় শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারী–সবার সম্মিলিত প্রয়াসই হবে আমাদের প্রধান শক্তি।



বিশ্ববিদ্যালয় দিবস আয়োজিত বার্ষিক চারুকলা ও আলোকচিত্র প্রদর্শনীতে ছবি দেখছেন উপাচার্য, ট্রেজারার ও শিক্ষকগণ

আলোচনা সভায় সভাপতিত্ব করেন জবি শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. মোঃ মোশাররাফ হোসেন। বিশেষ অতিথি হিসেবে ছিলেন বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. সাবিনা শরমীন ও শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক অধ্যাপক ড. মোঃ রইছ উদ্‌দীন।

ট্রেজারার অধ্যাপক ড. সাবিনা শরমীন বলেন, আমরা সবাই ঐক্যবদ্ধভাবে জগন্নাথ বিশ্ববিদ্যালয়কে আরও এগিয়ে নেওয়ার জন্য কাজ করে যাবো– এই প্রত্যাশাই আজকের দিনে আমাদের সবার অঙ্গীকার হওয়া উচিত। গত এক বছরে বিশ্ববিদ্যালয়ের সামগ্রিক অগ্রযাত্রায় বেশ কিছু গুরুত্বপূর্ণ সাফল্য অর্জিত হয়েছে। শিক্ষার্থীদের আবাসন সংকট নিরসনে ইতোমধ্যে আংশিক অগ্রগতি সাধিত হয়েছে, এবং আরও বিস্তৃত সমাধানের জন্য কাজ চলছে। এইসব নতুন উদ্যোগ ও সংস্কারমূলক কার্যক্রমের মাধ্যমে জগন্নাথ




জবি দিবস উপলক্ষ্যে জুলাই বিপ্লব ২০২৪ ও বৈষম্যহীন বাংলাদেশ (সুযোগ-সমস্যা-উত্তরণ) প্রবন্ধ সংকলনের উদ্বোধন করেন উপাচার্য

বিশ্ববিদ্যালয় ক্রমাগত উন্নয়নের পথে অগ্রসর হচ্ছে। আমাদের সম্মিলিত প্রচেষ্টা, নিষ্ঠা ও সহযোগিতাই জবিকে আরও সমৃদ্ধ, আধুনিক ও গৌরবময় উচ্চশিক্ষা প্রতিষ্ঠানে পরিণত করবে।

শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক অধ্যাপক ড. মোঃ রইছ উদ্‌দীন বলেন, সাম্প্রতিক সময়ে শিক্ষার্থীদের অনাকাঙ্ক্ষিত মৃত্যুর সংখ্যা আমাদের ভাবিয়ে তুলেছে। এজন্য শিক্ষার্থী সহায়তায় তহবিল গঠন, হেরেসমেন্ট প্রতিরোধে 'কুইক রেসপন্স সিস্টেম' এবং নিয়োগ প্রক্রিয়ায় জবি শিক্ষার্থীদের অগ্রাধিকার প্রদানের উদ্যোগ গ্রহণ করতে হবে।

অনুষ্ঠানটি পরিচালনা করেন রেজিস্ট্রার অধ্যাপক ড. মোঃ শেখ গিয়াস উদ্দিন, সহ-সঞ্চালনায় ছিলেন সমাজকর্ম বিভাগের সহযোগী অধ্যাপক ড. বুশরা জামান। এছাড়াও বিভিন্ন অনুষদের ডিন, ক্রিয়াশীল ছাত্র সংগঠন ও সাংবাদিক সংগঠনের নেতৃবৃন্দ, কর্মচারী ও সহায়ক কর্মচারী সমিতির প্রতিনিধিরা বক্তব্য দেন।

অনুষ্ঠানে 'জুলাই বিপ্লব-২০২৪ ও বৈষম্যহীন বাংলাদেশ (সুযোগ-সমস্যা-উত্তরণ)' শীর্ষক প্রবন্ধ সংকলনের মোড়ক উন্মোচন করেন উপাচার্যসহ অতিথিবৃন্দ।

দিবসটি উপলক্ষ্যে ২০২৪ সালে ও ২০২৫ সালে আয়োজিত 'বার্ষিক শিল্পকর্ম প্রদর্শনী'-তে অংশগ্রহণকারী বিজয়ী শিক্ষার্থীদের পুরস্কার বিতরণ করা হয়। জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ২০তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষ্যে বাদ যোহর বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় জামে মসজিদে জবি মসজিদ কমিটির আয়োজনে দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

## টেকসই উন্নয়নে লাইফ অ্যান্ড আর্থ সায়েন্সের ভূমিকা শীর্ষক প্রথম আন্তর্জাতিক কনফারেন্স

'Shifting towards a Sustainable World: Role of Life and Earth Sciences' প্রতিপাদ্যকে সামনে রেখে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের লাইফ অ্যান্ড আর্থ সায়েন্স অনুষদের উদ্যোগে দু'দিনব্যাপী (১৮ ও ১৯ ডিসেম্বর) Life and Earth Sciences for Sustainable Development (টেকসই উন্নয়নের জন্য লাইফ অ্যান্ড আর্থ সায়েন্স) শীর্ষক প্রথম আন্তর্জাতিক কনফারেন্সের উদ্বোধন অনুষ্ঠান ১৮ ডিসেম্বর বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান ভবনের মাঠে অনুষ্ঠিত হয়।

এ কনফারেন্সের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের চেয়ারম্যান অধ্যাপক ড. এস এম এ ফায়েজ।

জবি লাইফ অ্যান্ড আর্থ সায়েন্স অনুষদের ডিন এবং কনফারেন্স আয়োজক কমিটির আহ্বায়ক অধ্যাপক ড. মল্লিক আকরাম হোসেন-এর সভাপতিত্বে অনুষ্ঠিত উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মোঃ রেজাউল করিম, পিএইচডি এবং ট্রেজারার অধ্যাপক ড. সাবিনা শরমীন।

কনফারেন্সের উদ্বোধনী সেশনে মূল প্রবন্ধ উপস্থাপন করেন ভারতের কলকাতার কল্যাণী বিশ্ববিদ্যালয়ের মাইক্রোবায়োলজি বিভাগের প্রধান অধ্যাপক ড. সামীর কুমার মুখার্জি।



আন্তর্জাতিক কনফারেন্সের উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য প্রদান করছেন ইউজিসির চেয়ারম্যান

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য প্রদান করেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের প্রাণরসায়ন ও অণুপ্রাণ বিজ্ঞান বিভাগের চেয়ারম্যান এবং কনফারেন্স আয়োজক কমিটির সদস্য সচিব ড. মোঃ রফিকুল ইসলাম। কনফারেন্সটি প্লেনারি সেশন, সায়েন্টিফিক সেশন, পোস্টার সেশন এবং ওরাল ও পোস্টার প্রেজেন্টেশন অ্যাওয়ার্ড সেশনে অনুষ্ঠিত হয়। সায়েন্টিফিক সেশনগুলোর উল্লেখযোগ্য বিষয়সমূহের মধ্যে ছিল– অ্যানিমেল সায়েন্সেস; ম্যারিন রিসোর্সেস ও ব্লু ইকোনমি; বায়োকেমিস্ট্রি, জেনোমিকস ও বায়োইনফরমেটিক্স ইন বায়োসায়েন্সেস; ডায়নামিক অব হিউম্যান বিহেভিয়ার ইন অ্যা চেঞ্জিং ওয়ার্ল্ড; জেনেটিক ইঞ্জিনিয়ারিং অ্যান্ড ইমার্জিং টেকনোলজিস; জিওস্পেশিয়াল ডাইমেনশন অব সাসটেইনেবল ডেভেলপমেন্ট: ক্লাইমেট, সিটিজ অ্যান্ড এনভায়রনমেন্ট; মাইক্রোবায়োম অ্যান্ড পাবলিক হেলথ; ফার্মাসিউটিক্যাল সায়েন্সেস, ফার্মাকোভিজিল্যান্স অ্যান্ড মডার্ন ড্রাগ ডিসকভারি; এবং প্ল্যান্ট-বেইজড সলিউশনস ফর ফুড সিকিউরিটি অ্যান্ড সাসটেইনেবল এনভায়রনমেন্ট।

এই আন্তর্জাতিক কনফারেন্স জীবনবিজ্ঞান, জৈবপ্রযুক্তি, পরিবেশ এবং মানবসমাজ-সংশ্লিষ্ট বিভিন্ন বৈশ্বিক সমস্যার সমাধানে গবেষণা ও উদ্ভাবনের নতুন দিগন্ত উন্মোচন করবে বলে আয়োজকরা আশা প্রকাশ করেন। টেকসই উন্নয়নের লক্ষ্যে লাইফ অ্যান্ড আর্থ সায়েন্স-এর বহুমাত্রিক গবেষণাকে এগিয়ে নিতে এ সম্মেলন গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। এশিয়ার বিভিন্ন দেশের বিজ্ঞানী ও গবেষকরা দুই দিনের এই কনফারেন্সে তাঁদের গবেষণা প্রবন্ধ উপস্থাপন করেছেন। দেশি-বিদেশি বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের প্রায় আটশত গবেষকের অংশগ্রহণে সম্মেলনটি অনুষ্ঠিত হয়।

# বিশেষ সংবাদ

## জবি ও কোয়ান্টাম ফাউন্ডেশনের মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষর




জগন্নাথ বিশ্ববিদ্যালয় ও কোয়ান্টাম ফাউন্ডেশনের এর মধ্যে চুক্তি স্বাক্ষর অনুষ্ঠান

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের মার্কেটিং বিভাগের শিক্ষার্থীদের মানসিক সুস্থতা বৃদ্ধির লক্ষ্যে ২৪ নভেম্বর জগন্নাথ বিশ্ববিদ্যালয় ও কোয়ান্টাম ফাউন্ডেশন-এর মধ্যে একটি সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষরিত হয়েছে।

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার অধ্যাপক ড. মোঃ শেখ গিয়াস উদ্দিন এবং কোয়ান্টাম ফাউন্ডেশনের পরিচালক (মোটিভেশন) জনাব এম. রেজাউল হাসান নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষে সমঝোতা স্মারকে স্বাক্ষর করেন।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মোঃ রেজাউল করিম, পিএইচডি ও বিশেষ অতিথি বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. সাবিনা শরমীন। উপাচার্যের সভাকক্ষে আয়োজিত সমঝোতা স্মারক স্বাক্ষর অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের মার্কেটিং বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. ইমরানুল হক। অনুষ্ঠানের শুরুতে স্বাগত বক্তব্য প্রদান করেন বিভাগের অধ্যাপক ড. শেখ রফিকুল ইসলাম।

অনুষ্ঠানে বিভিন্ন অনুষদের ডিন, শিক্ষক সমিতির সভাপতি, মার্কেটিং বিভাগের শিক্ষক ও শিক্ষার্থী এবং কোয়ান্টাম ফাউন্ডেশনের ঊর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। সমঝোতা স্মারক অনুযায়ী, কোয়ান্টাম ফাউন্ডেশন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের মার্কেটিং বিভাগের শিক্ষার্থীদের আধুনিক শিক্ষা জীবনের চাপ, উদ্বেগ এবং ট্রমা মোকাবেলায় ব্যবহারিক ও বৈজ্ঞানিকভাবে ভিত্তিক মানসিক স্বাস্থ্য কৌশল প্রদান করবে। চুক্তিটি প্রাথমিকভাবে পাঁচ বছরের জন্য কার্যকর থাকবে।

# একাডেমিক সংবাদ

## জার্নাল অব লাইফ অ্যান্ড আর্থ সায়েন্সেস-এর মোড়ক উন্মোচন

১২ অক্টোবর জগন্নাথ ইউনিভার্সিটি জার্নাল অব লাইফ অ্যান্ড আর্থ সায়েন্সেস-এর দশম ভলিয়মের মোড়ক উন্মোচন করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মোঃ রেজাউল করিম, পিএইচডি। জার্নালটির দশম ভলিয়মে দুটি সংখ্যা অন্তর্ভুক্ত রয়েছে, যার প্রথম সংখ্যায় সাতটি এবং দ্বিতীয় সংখ্যায় ছয়টি প্রবন্ধ প্রকাশিত হয়েছে।

এ সময় জার্নালটির প্রধান সম্পাদক ও লাইফ অ্যান্ড আর্থ সায়েন্স অনুষদের ডিন অধ্যাপক ড. মল্লিক আকরাম হোসেনসহ সম্পাদনা কমিটির সহযোগী সম্পাদক ও সদস্যবৃন্দ, সংশ্লিষ্ট অনুষদভুক্ত বিভিন্ন বিভাগের বর্তমান ও সাবেক চেয়ারম্যানবৃন্দ উপস্থিত ছিলেন।

## জার্নাল অব আর্টস-এর ১৫তম ভলিয়মের মোড়ক উন্মোচন

১২ অক্টোবর ২০২৫ জগন্নাথ ইউনিভার্সিটি জার্নাল অব আর্টস-এর ১৫তম ভলিয়মের মোড়ক উন্মোচন করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মোঃ রেজাউল করিম, পিএইচডি। জার্নালটির ১৫তম ভলিয়মে একটি সংখ্যা অন্তর্ভুক্ত রয়েছে, যেখানে ১৮ টি প্রবন্ধ প্রকাশিত হয়েছে।

মোড়ক উন্মোচন অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. সাবিনা শরমীন, জার্নালটির প্রধান সম্পাদক ও কলা অনুষদের ডিন অধ্যাপক ড. হোসনে আরা বেগম এবং সদস্য চারুকলা অনুষদের ডিন অধ্যাপক মোহাঃ আলপ্তগীন উপস্থিত ছিলেন। এছাড়াও সম্পাদনা কমিটির সহযোগী সম্পাদক ও সদস্য, কলা ও চারুকলা অনুষদভুক্ত বিভিন্ন বিভাগের চেয়ারম্যানবৃন্দ অনুষ্ঠানে অংশগ্রহণ করেন।

## জার্নাল অব সায়েন্স-এর ১১তম ভলিয়মের মোড়ক উন্মোচন

১৪ অক্টোবর ২০২৫ জগন্নাথ ইউনিভার্সিটি জার্নাল অব সায়েন্স-এর ১১তম ভলিয়মের মোড়ক উন্মোচন করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মোঃ রেজাউল করিম, পিএইচডি। জার্নালটির ১১তম ভলিয়মে দ্বিতীয় সংখ্যায় ১০টি প্রবন্ধ প্রকাশিত হয়েছে।

মোড়ক উন্মোচন অনুষ্ঠানে জার্নালটির প্রধান সম্পাদক ও বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. পরিমল বালাসহ সম্পাদনা কমিটির সহযোগী সম্পাদক ও সদস্য, বিজ্ঞান অনুষদভুক্ত বিভিন্ন বিভাগের চেয়ারম্যানবৃন্দ উপস্থিত ছিলেন।

## জগন্নাথ বিশ্ববিদ্যালয় ও নিকোলাস পোগোজ ফাউন্ডেশনের মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষরের লক্ষ্যে মতবিনিময় সভা

নিকোলাস পোগোজ ফাউন্ডেশনের আয়োজনে ২৩ অক্টোবর ২০২৫ রাজধানীর ধানমন্ডির গ্রীন গার্ডেন কনভেনশন হলে জগন্নাথ বিশ্ববিদ্যালয় (জবি) ও নিকোলাস পোগোজ ফাউন্ডেশনের মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষরের লক্ষ্যে এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মোঃ রেজাউল করিম, পিএইচডি।



সমঝোতা স্মারক স্বাক্ষরের লক্ষ্যে অনুষ্ঠিত মতবিনিময় সভায় উপাচার্য, ট্রেজারারসহ অন্যান্যরা

## জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে স্নাতকোত্তর থিসিস শিক্ষার্থীদের জন্য গবেষণা অনুদানের চেক হস্তান্তর

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের স্নাতকোত্তর পর্যায়ের থিসিস গ্রহণকারী শিক্ষার্থীদের গবেষণা সহায়তার চেক প্রদান অনুষ্ঠান ২ নভেম্বর ২০২৫ উপাচার্য দপ্তরের কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয়।

উপাচার্য অধ্যাপক মোঃ রেজাউল করিম, পিএইচডি-এর সভাপতিত্বে স্নাতকোত্তর পর্যায়ের থিসিস গ্রহণকারী শিক্ষার্থীদের গবেষণা সহায়তা হিসেবে চেক হস্তান্তর করা হয়। এটি বিশ্ববিদ্যালয়ের ইতিহাসে প্রথমবারের মতো স্নাতকোত্তর থিসিস শিক্ষার্থীদের জন্য গবেষণা অনুদান প্রদানের উদ্যোগ।

অনুষ্ঠানে উপাচার্য অধ্যাপক মোঃ রেজাউল করিম, পিএইচডি প্রতিটি অনুষদ থেকে প্রতীকীভাবে দুজন করে শিক্ষার্থীর হাতে 'মাস্টার্স থিসিস রিসার্চ স্কলারশিপ' এর চেক প্রদান করেন। তিনি স্কলারশিপপ্রাপ্ত শিক্ষার্থীদের অভিনন্দন জানিয়ে বলেন, বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে একাডেমিক ও গবেষণামুখী শিক্ষার্থীদের জন্য শুভেচ্ছা ও দোয়ার নিদর্শনস্বরূপ কিছু করতে পারায় আমরা আনন্দিত। খুব শীঘ্রই পিএইচডি গবেষকদের জন্যও অনুরূপ বৃত্তি চালু করা হবে।

বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. সাবিনা শরমীন বলেন, গবেষণার মানোন্নয়ন ও শিক্ষার্থীদের থিসিসে আগ্রহ সৃষ্টির লক্ষ্যে এ ধরনের অনুদান প্রদান একটি যুগোপযোগী পদক্ষেপ। অনুদানের যথাযথ ব্যবহার নিশ্চিত করা হলে এটি বিশ্ববিদ্যালয়ের গবেষণা খাতকে আরও গতিশীল করবে।

জগন্নাথ বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের এই প্রথম উদ্যোগের আওতায় ২০২২-২০২৩ শিক্ষাবর্ষের অধীনে ২৭টি বিভাগের মোট ৩৫৪ জন শিক্ষার্থীকে প্রায় ৫০ লক্ষ টাকার গবেষণা অনুদান প্রদান করা হচ্ছে। প্রতিটি শিক্ষার্থী ১৪,১২৪ টাকা করে অনুদান পাবেন, যা ২০২৪-২০২৫ অর্থবছরের আওতায় "থিসিস শিক্ষার্থীদের বৃত্তি" হিসেবে বিবেচিত হবে। এ অর্থ শুধুমাত্র গবেষণা-সংক্রান্ত কাজে ব্যয়যোগ্য। অনুষ্ঠানে প্রতিটি অনুষদ থেকে দু'জন করে শিক্ষার্থী চেক গ্রহণ করেন।

## জগন্নাথ ইউনিভার্সিটি জার্নাল অব আর্টস-এর ডিওআই প্রাপ্তি

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের (জবি) 'জগন্নাথ ইউনিভার্সিটি জার্নাল অব আর্টস' ডিওআই অর্জন করেছে। এ উপলক্ষ্যে ২ নভেম্বর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মোঃ রেজাউল করিম, পিএইচডি-এর সাথে সৌজন্য সাক্ষাৎ করেন জার্নালটির সম্পাদনা পর্ষদ।



'জগন্নাথ ইউনিভার্সিটি জার্নাল অব আর্টস' ডিওআই প্রাপ্তি উপলক্ষ্যে উপাচার্যের সাথে সৌজন্য সাক্ষাতে কলা অনুষদের ডিন ও চেয়ারম্যানগণ

জার্নালটির ১৫তম ভলিউমের সংখ্যা থেকেই ডিওআই কার্যকর হয়েছে, যা বিশ্ববিদ্যালয়ের গবেষণাধর্মী প্রকাশনার ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ মাইলফলক।

এসময় উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. সাবিনা শরমীন এবং জার্নালটির প্রধান সম্পাদক ও কলা অনুষদের ডিন অধ্যাপক ড. হোসনে আরা বেগম। এছাড়া সম্পাদনা কমিটির সহযোগী সম্পাদক ও সদস্যবৃন্দ, কলা ও চারুকলা অনুষদভুক্ত বিভিন্ন বিভাগের চেয়ারম্যানবৃন্দও উপস্থিত ছিলেন।

## ফোবানা বৃত্তি প্রদান-২০২৫ অনুষ্ঠিত

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে ১৯ নভেম্বর উপাচার্য মহোদয়ের সভাকক্ষে 'ফোবানা বৃত্তি প্রদান অনুষ্ঠান-২০২৫' আয়োজিত হয়। অনুষ্ঠানে বিভিন্ন অনুষদ ও বিভাগের পাঁচজন শিক্ষার্থীকে ফোবানা বৃত্তি প্রদান করা হয়।




কৃতি শিক্ষার্থীদের মাঝে ফোবানা বৃত্তি প্রদান করছেন উপাচার্য ও ট্রেজারার

অনুষ্ঠানের প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মোঃ রেজাউল করিম, পিএইচডি।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার ও ফোবানা বৃত্তি কমিটির আহ্বায়ক অধ্যাপক ড. সাবিনা শরমীন। বিশেষ অতিথি ছিলেন ফোবানার সাবেক চেয়ারম্যান জনাব রেহান রেজা এবং ফোবানা কার্যনির্বাহী কমিটির সদস্য জনাব মুকবুল আলী। স্বাগত বক্তব্য প্রদান করেন জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক ও ইসলামিক স্টাডিজ বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মোঃ রইছ উদদীন।

অনুষ্ঠান শেষে ফোবানার পক্ষ থেকে বৃত্তিপ্রাপ্ত পাঁচ শিক্ষার্থীর হাতে প্রতীকী চেক তুলে দেওয়া হয়। বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীরা হলেন– ইতিহাস বিভাগের ১৫তম ব্যাচের মাস্টার্স শিক্ষার্থী পপি খাতুন, একই বিভাগের ১৬তম ব্যাচের স্নাতক শিক্ষার্থী মোঃ সাইফুর রহমান শিহাব ও ১৯তম ব্যাচের শিক্ষার্থী মল্লিকা রায়, ইসলামিক স্টাডিজ বিভাগের ১৫তম ব্যাচের মাস্টার্স শিক্ষার্থী মোঃ নুর নবী এবং সমাজবিজ্ঞান বিভাগের ১৯তম ব্যাচের স্নাতক শিক্ষার্থী ফারহানা জেছমিন।

## জবিতে এমফিল ও পিএইচডি শিক্ষার্থীদের জন্য গবেষণা অনুদানের চেক হস্তান্তর

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে প্রথমবারের মতো এমফিল ও পিএইচডি শিক্ষার্থীদের জন্য গবেষণা অনুদান প্রদান কার্যক্রম শুরু হলো। এ উপলক্ষ্যে ২৩ ডিসেম্বর ২০২৫ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মোঃ রেজাউল করিম, পিএইচডি-এর সভাপতিত্বে তাঁর অফিস কনফারেন্স রুমে এক অনুষ্ঠানের মাধ্যমে গবেষণা অনুদানের চেক হস্তান্তর করা হয়।

জগন্নাথ বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের এই প্রথম উদ্যোগের আওতায় ২০২৩-২০২৪ ও ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে সকল ইনস্টিটিউট ও বিভাগের মোট ১৩১ জন এমফিল ও পিএইচডি শিক্ষার্থীকে গবেষণা অনুদান প্রদান করা হয়েছে।

-এর মধ্যে ৬৯ জন এমফিল গবেষক প্রত্যেকে এককালীন ১২,৪৮৫ টাকা এবং ৬২ জন পিএইচডি গবেষক প্রত্যেকে এককালীন ২০,৮৪৮ টাকা করে অনুদান পাচ্ছেন।




এম.ফিল ও পিএইচ.ডি গবেষকদের মাঝে চেক হস্তান্তর করছেন উপাচার্য ও ট্রেজারার

## 'ই ইউনিট'-এর ভর্তি পরীক্ষার মাধ্যমে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ভর্তি প্রক্রিয়া শুরু

'ই ইউনিট'-এর ভর্তি পরীক্ষার মাধ্যমে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষের ভর্তি প্রক্রিয়া শুরু হয়। এবার পাঁচটি অনুষদের ২,৮১৫টি আসনের বিপরীতে ২ লক্ষ ৪৫ জন শিক্ষার্থী ভর্তি পরীক্ষার জন্য আবেদন করেন।

১৩ ডিসেম্বর ২০২৫ অনুষ্ঠিত এবারের E ইউনিটে (চারুকলা অনুষদ) ৬০টি আসনের বিপরীতে ১,২৫১ জন পরীক্ষার্থী আবেদন করেন।

এছাড়াও ২৬ ডিসেম্বর ২০২৫ অনুষ্ঠিত বিজ্ঞান ও লাইফ অ্যান্ড আর্থ সায়েন্স অনুষদের অর্থাৎ A ইউনিটের ৮৪০টি আসনের বিপরীতে ৭২,৪৭৪ জন পরীক্ষার্থী, ২৭ ডিসেম্বর ২০২৫ তারিখে অনুষ্ঠিত বিজনেস স্টাডিজ অনুষদের অর্থাৎ C ইউনিটের ৫২০টি আসনের বিপরীতে ২০,৬৮৬ জন পরীক্ষার্থী, ৯ জানুয়ারি ২০২৬ তারিখে অনুষ্ঠিত সামাজিক বিজ্ঞান অনুষদের অর্থাৎ D ইউনিটের ৬১০ টি আসনের বিপরীতে ২৫,৮২৬ জন পরীক্ষার্থী এবং ৩০ জানুয়ারি ২০২৬ তারিখে অনুষ্ঠিত কলা অনুষদের অর্থাৎ B ইউনিটের ৭৮৫ টি আসনের বিপরীতে ৭৯,৮০৮ জন পরীক্ষার্থী আবেদন করেন।

এবারই প্রথম বারের মতো তিনটি বিভাগীয় শহরে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়।

# উন্নয়নমূলক সংবাদ

## আইকিউএসি'র নতুন অফিস ও ওয়েবসাইটের উদ্বোধন

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেল (আইকিউএসি) শহিদ সাজিদ ভবনের নিচতলা থেকে ভবনের দ্বাদশ তলায় (কক্ষ নং: ১৩১৩) স্থানান্তরিত হয়েছে। ৩০ নভেম্বর আইকিউএসি নতুন অফিস এবং হালনাগাদ ওয়েবসাইটের উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মোঃ রেজাউল করিম, পিএইচডি।



আইকিউএসি'র নতুন অফিস উদ্বোধন শেষে বক্তব্য প্রদান করছেন উপাচার্য

অনুষ্ঠানে আইকিউএসি'র পরিচালক অধ্যাপক ড. মোঃ আবু লায়েক আইকিউএসি'র চলমান বিভিন্ন কার্যক্রম, মিশন ও ভিশন, একাডেমিক উন্নয়ন উদ্যোগ, ওবিই (Outcome-Based Education)-ভিত্তিক কারিকুলামের গুরুত্ব এবং ভবিষ্যৎ পরিকল্পনা নিয়ে বিস্তারিত স্লাইড উপস্থাপন করেন। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন আইকিউএসি'র অতিরিক্ত পরিচালক অধ্যাপক ড. মুহাম্মদ জামির হোসেন।

## দ্বিতীয় ক্যাম্পাসে বৈদ্যুতিক সাবস্টেশন স্থাপন কার্যক্রম

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের দ্বিতীয় ক্যাম্পাসে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিতের লক্ষ্যে সাবস্টেশন স্থাপনের জন্য জমি নির্ধারণ করা হয়েছে। ১৩ অক্টোবর ২০২৫ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মোঃ রেজাউল করিম, পিএইচডি-এর উপস্থিতিতে এ জমি নির্ধারণ কার্যক্রম সম্পন্ন হয়।

কেরানীগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি ৪-এর উর্ধ্বতন কর্মকর্তারা প্রকল্প এলাকা সরেজমিনে পরিদর্শন শেষে বৈদ্যুতিক সাবস্টেশন স্থাপনের জন্য উপযুক্ত স্থান নির্ধারণ করেন। এই কার্যক্রমটি সম্পন্ন হয় 'জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের দ্বিতীয় ক্যাম্পাস স্থাপন: ভূমি অধিগ্রহণ ও উন্নয়ন (১ম সংশোধিত)' প্রকল্পের আওতায়।

এছাড়াও উপাচার্য মহোদয় দ্বিতীয় ক্যাম্পাসে বালু ভরাট, সীমানা প্রাচীর নির্মাণ ও ঘাট উন্নয়ন কার্যক্রম পরিদর্শন করেন এবং সংশ্লিষ্ট কর্মকর্তাদের প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদান করেন।

এ সময় বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. সাবিনা শরমীন, প্রক্টর অধ্যাপক ড. মুহাম্মদ তাজাম্মুল হক, পিআরআইপি পরিচালক, প্রধান প্রকৌশলী, প্রকল্পের অতিরিক্ত দায়িত্বপ্রাপ্ত প্রকল্প পরিচালকসহ কেরানীগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতির ঊর্ধ্বতন কর্মকর্তারা এবং বাংলাদেশ সেনাবাহিনীর প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তারা উপস্থিত ছিলেন।


# গবেষণা ও প্রকল্প

## ঢাবি আইকিউএসি'র কনফারেন্সে জবি পরিচালকের 'AccreAssit' মডেল উপস্থাপন

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেল (আইকিউএসি) কর্তৃক আয়োজিত 'এডভান্সিং কোয়ালিটি এসুরেন্স ইন হাইয়ার এডুকেশন: রিফলেকশনস ফ্রম আইকিউএসি লিডারশিপ একরোস ইউনিভার্সিটিস ইন বাংলাদেশ' শীর্ষক একটি গুরুত্বপূর্ণ কনফারেন্স ১৩ নভেম্বর ঢাকা বিশ্ববিদ্যালয়ের নবাব নওয়াব আলী সিনেট ভবনে অনুষ্ঠিত হয়।

উক্ত কনফারেন্সে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের (জবি) আইকিউএসি-এর পরিচালক অধ্যাপক ড. মোঃ আবু লায়েক একটি প্রেজেন্টেশন উপস্থাপন করেন। এ সময় জগন্নাথ বিশ্ববিদ্যালয় আইকিউএসির অতিরিক্ত পরিচালক অধ্যাপক ড. মুহাম্মদ জামির হোসেন উপস্থিত ছিলেন।

কনফারেন্সে অধ্যাপক লায়েক বাংলাদেশের উচ্চশিক্ষা প্রতিষ্ঠানসমূহের অ্যাক্রেডিটেশন প্রক্রিয়াকে আরও গতিশীল ও ত্বরান্বিত করার লক্ষ্যে 'AccreAssit' নামক একটি উদ্ভাবনী ডিজিটাল মডেল প্রস্তাব করেন। এই মডেলটি বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল (বিএসি) এবং বিশ্ববিদ্যালয়গুলোর আইকিউএসি (IQAC)-এর মধ্যকার কার্যক্রমকে সম্পূর্ণ ডিজিটালাইজ করবে।



জবির আইকিউএসি-এর পরিচালক ঢাবির আইকিউএসি-এর কাছে 'AccreAssit' উপস্থাপন শেষে ফটো সেশনে উপস্থিত শিক্ষকমণ্ডলী

প্রস্তাবিত এই মডেলের মাধ্যমে অ্যাক্রেডিটেশন প্রক্রিয়ার বিভিন্ন ধাপ, যেমন–ফাইল প্রসেসিং, মার্কিং এবং অ্যাসেসমেন্ট কার্যক্রম আরও দ্রুত, সহজ, স্বচ্ছ ও সুস্পষ্ট হবে বলে তিনি উল্লেখ করেন।

## মনোবিজ্ঞান বিভাগে ইউজিসি'র হিট সাব-প্রজেক্টের উদ্বোধন

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের মনোবিজ্ঞান বিভাগে ইউজিসি'র হিট (HEAT) প্রজেক্টের আওতায় 'ইনহেন্সিং টিচিং-লার্নিং ইনফ্রাস্ট্রাকচার' শীর্ষক হিট সাব-প্রজেক্টের উদ্বোধন অনুষ্ঠান ২৫ নভেম্বর অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক মোঃ রেজাউল করিম, পিএইচডি।

উদ্বোধনী পর্ব শেষে হিট সাব-প্রজেক্ট ম্যানেজার (এসপিএম) ও বিভাগের অধ্যাপক ড. অশোক কুমার সাহা 'ইনহেন্সিং টিচিং-লার্নিং ইনফ্রাস্ট্রাকচার' শীর্ষক মূল বক্তব্য উপস্থাপন করেন। তিনি প্রজেক্টটির লক্ষ্য, উদ্দেশ্য ও কার্যক্রম বিস্তারিত তুলে ধরেন। প্রকল্পটির লক্ষ্য হলো সমসাময়িক মনস্তাত্ত্বিক জ্ঞান, তত্ত্ব ও প্রয়োগের সঙ্গে সামঞ্জস্য রেখে জাতীয় ও আন্তর্জাতিক মান অনুযায়ী পাঠ্যক্রম উন্নীত করা এবং জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের স্নাতক ও স্নাতকোত্তর মনোবিজ্ঞান প্রোগ্রামসমূহকে আরও সমৃদ্ধ করা।

## 'বিএনকিউএফ স্ট্যান্ডার্ডস অ্যান্ড ক্রাইটেরিয়া ফর অ্যাক্রিডিটেশন অব অ্যাকাডেমিক প্রোগ্রাম' বিষয়ক দিনব্যাপী কর্মশালা

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেল (আইকিউএসি) -এর আয়োজনে 'বিএনকিউএফ স্ট্যান্ডার্ডস অ্যান্ড ক্রাইটেরিয়া ফর অ্যাক্রিডিটেশন অব অ্যাকাডেমিক প্রোগ্রাম' শীর্ষক দিনব্যাপী কর্মশালা ৪ ডিসেম্বর বিশ্ববিদ্যালয়ের মিনি কনফারেন্স হলে অনুষ্ঠিত হয়েছে। কর্মশালার উদ্বোধন করেন উপাচার্য অধ্যাপক মোঃ রেজাউল করিম, পিএইচডি।



কর্মশালায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য প্রদান করছেন উপাচার্য

কর্মশালায় কি-নোট উপস্থাপন করেন আইকিউএসি পরিচালক অধ্যাপক ড. মোঃ আবু লায়েক। তিনি বিশ্ববিদ্যালয়ের অ্যাক্রিডিটেশন পাওয়ার জন্য প্রয়োজনীয় বিভিন্ন ক্রাইটেরিয়া, প্রাপ্তির শর্তাবলি এবং প্রক্রিয়াগত দিকগুলো বিস্তারিত ব্যাখ্যা করেন।

বিশেষভাবে তিনি ওবিই কারিকুলাম প্রণয়নের ওপর গুরুত্বারোপ করে বলেন, কারিকুলামই অ্যাক্রিডিটেশনের সকল ক্রাইটেরিয়াকে গাইড করে; একটি শক্তিশালী কারিকুলাম অন্যান্য মানদণ্ডও উৎকর্ষ নিশ্চিত করতে সক্ষম। কী-নোটের শেষাংশে নিজেদের তৈরিকৃত 'AccreAssist' সফটওয়্যারের মাধ্যমে অ্যাক্রিডিটেশনের বিভিন্ন ডকুমেন্টস সহজ ব্যাবস্থাপনা এবং লাইভ স্কোরিং করার ডেমো প্রদর্শন করেন।

## জবিতে আত্মহত্যা সচেতনতা ও প্রতিরোধ বিষয়ক আন্তর্জাতিক সেমিনার অনুষ্ঠিত

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে 'আত্মহত্যার চিন্তা এবং প্রতিরোধ: দক্ষিণ এশিয়ার প্রেক্ষাপট' শীর্ষক আন্তর্জাতিক সেমিনার ২১ ডিসেম্বর মনোবিজ্ঞান বিভাগে সেমিনারটি অনুষ্ঠিত হয়। দক্ষিণ এশিয়ার প্রেক্ষাপটে আত্মহত্যার চিন্তা ও প্রতিরোধ নিয়ে আলোচনায় দেশ-বিদেশের খ্যাতনামা শিক্ষাবিদ ও মানসিক স্বাস্থ্য বিশেষজ্ঞগণ এতে অংশ নেন।

বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি), হিট সাব-প্রজেক্ট (পিন-১২১৭৫) এবং জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের মনোবিজ্ঞান বিভাগের যৌথ উদ্যোগে সেমিনারটির আয়োজন করা হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন লাইফ অ্যান্ড আর্থ সায়েন্স অনুষদের ডিন অধ্যাপক ড. মল্লিক আকরাম হোসেন। সেমিনারের মূল প্রবন্ধ উপস্থাপন করেন নেপালের ত্রিভুবন বিশ্ববিদ্যালয়ের মনোবিজ্ঞান বিভাগের সহকারী অধ্যাপক ড. নরেন্দ্র সিং থাগুন্না। তিনি দক্ষিণ এশিয়ার সামাজিক ও সাংস্কৃতিক বাস্তবতায় আত্মহত্যার চিন্তার কারণগুলো তুলে ধরেন। একই সঙ্গে মানসিক স্বাস্থ্য নিয়ে বিদ্যমান সামাজিক কলঙ্ক দূর করা এবং কার্যকর প্রতিরোধ কাঠামো গড়ে তুলতে আঞ্চলিক ও আন্তঃদেশীয় একাডেমিক সহযোগিতার ওপর গুরুত্ব দেন।

সেমিনারের সভাপতিত্ব করেন হিট সাব প্রজেক্ট-এর এসপিএম ও মনোবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. আশোক কুমার সাহা। তিনি হিট সাব-প্রজেক্টের লক্ষ্য ও কার্যক্রম তুলে ধরে মানসিক স্বাস্থ্য গবেষণা, প্রশিক্ষণ এবং হস্তক্ষেপমূলক উদ্যোগ জোরদারের কথা বলেন। অনুষ্ঠানে আরও বক্তব্য দেন হিট সাব প্রজেক্ট-এর এএসপিএম অধ্যাপক ড. কাজী সাইফুদ্দিন, অধ্যাপক ড. নূর মুহাম্মদ ও এসপিএমটি HEAT সাব-প্রজেক্টের সদস্য অধ্যাপক ড. মুহাম্মদ আকরাম উজ্জামান এবং মনোবিজ্ঞান বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. ফাতেমা-তু-জোহরা বিনতে জামান। তাঁরা আত্মহত্যার ঝুঁকি, প্রতিরোধের উপায়, ক্লিনিক্যাল অভিজ্ঞতা ও নীতিগত করণীয় নিয়ে আলোচনা করেন।

সেমিনারটি সঞ্চালনা করেন অধ্যাপক ড. সামসাদ আফরিন হিমি। অনুষ্ঠানে বক্তারা আত্মহত্যা প্রতিরোধে গবেষণা জোরদার, জনসচেতনতা বৃদ্ধি এবং প্রাতিষ্ঠানিক সহায়তা ব্যবস্থা শক্তিশালী করার ওপর জোর দেন।

# শ্রদ্ধাঞ্জলি/মানববন্ধন/র‌্যালি

## শহিদ বুদ্ধিজীবী দিবস উপলক্ষ্যে জবি'র শ্রদ্ধাঞ্জলি নিবেদন




শহিদ বুদ্ধিজীবী দিবসে বুদ্ধিজীবী স্মৃতিসৌধে বিশ্ববিদ্যালয়ের পক্ষে পুষ্পার্ঘ্য অর্পণ করছেন উপাচার্য

১৪ ডিসেম্বর শহিদ বুদ্ধিজীবী দিবস উপলক্ষ্যে সকালে সূর্যোদয়ের সাথে সাথে জগন্নাথ বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে জাতীয় পতাকা অর্ধনমিত ও কালো পতাকা উত্তোলন করা হয় এবং বিশ্ববিদ্যালয়ের সকলে কালো ব্যাজ ধারণ করেন।

শহিদ বুদ্ধিজীবী দিবস উপলক্ষ্যে জাতির শ্রেষ্ঠ সন্তানদের স্মৃতির প্রতি জবি উপাচার্য অধ্যাপক মোঃ রেজাউল করিম, পিএইচডি এর নেতৃত্বে মিরপুর বুদ্ধিজীবী কবরস্থানে এবং শহীদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধে পুষ্পার্ঘ্য অর্পণ করে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করা হয়।

শ্রদ্ধাঞ্জলি নিবেদনকালে বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. সাবিনা শরমীন, শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক অধ্যাপক ড. মোঃ রইছ উদ্‌দীন, বিভিন্ন অনুষদের ডিন, ইনস্টিটিউটের পরিচালক, বিভিন্ন বিভাগের চেয়ারম্যান, রেজিস্ট্রার, প্রক্টর, বিভিন্ন দপ্তরের পরিচালক, শিক্ষক সমিতি ও সাদা দলের নেতৃবৃন্দ, শিক্ষক-শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারী, সাংবাদিক সংগঠনের নেতৃবৃন্দসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন। এছাড়াও বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন সংগঠনের পক্ষ থেকে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করা হয়।

## মহান বিজয় দিবস উপলক্ষ্যে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শ্রদ্ধাঞ্জলি নিবেদন

১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস উদযাপন উপলক্ষ্যে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে যথাযোগ্য মর্যাদা ও ভাবগাম্ভীর্যের মধ্য দিয়ে বিভিন্ন কর্মসূচি পালন করা হয়। সূর্যোদয়ের সঙ্গে সঙ্গে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে জাতীয় সংগীত পরিবেশনের মাধ্যমে জাতীয় পতাকা উত্তোলন করা হয়। এছাড়াও বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন ভবনসহ গুরুত্বপূর্ণ স্থাপনায় আলোকসজ্জা করা হয়।

মহান মুক্তিযুদ্ধে বীর শহিদদের প্রতি গভীর শ্রদ্ধা নিবেদনের লক্ষ্যে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মোঃ রেজাউল করিম, পিএইচডি-এর নেতৃত্বে সাভারে অবস্থিত জাতীয় স্মৃতিসৌধে পুষ্পার্ঘ্য অর্পণ করে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করা হয়।

শ্রদ্ধাঞ্জলি নিবেদনকালে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক অধ্যাপক ড. মোঃ রইছ উদ্‌দীন, বিভিন্ন অনুষদের ডিনবৃন্দ, ইনস্টিটিউটের পরিচালক, বিভিন্ন




মহান বিজয় দিবস উপলক্ষ্যে জাতীয় স্মৃতিসৌধে বিশ্ববিদ্যালয়ের পক্ষে পুষ্পার্ঘ্য অর্পণ করছেন উপাচার্য

বিভাগের চেয়ারম্যানবৃন্দ, রেজিস্ট্রার, পরীক্ষা নিয়ন্ত্রক, প্রক্টর, বিভিন্ন হলের প্রভোস্ট, বিভিন্ন দপ্তরের পরিচালকবৃন্দ, শিক্ষক-শিক্ষার্থী, শিক্ষক সমিতি ও সাদা দলের নেতৃবৃন্দ, কর্মকর্তা ও কর্মচারী, সাংবাদিক সংগঠনের নেতৃবৃন্দসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন। এছাড়াও বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন সংগঠনের পক্ষ থেকে পর্যায়ক্রমে জাতীয় স্মৃতিসৌধে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করা হয়।

# বিভাগীয় কার্যক্রম/সেমিনার

## ওয়ার্ল্ড মেন্টাল হেলথ ডে ২০২৫ উপলক্ষ্যে র‌্যালি অনুষ্ঠিত

ওয়ার্ল্ড মেন্টাল হেলথ ডে ২০২৫ উপলক্ষ্যে ৯ অক্টোবর জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের সমাজকর্ম বিভাগ ও গ্লোবাল স্ট্রিট কানেক্ট-এর যৌথ উদ্যোগে একটি র‌্যালি অনুষ্ঠিত হয়। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মোঃ রেজাউল করিম, পিএইচডি-এর নেতৃত্বে র‌্যালিটি পুরো ক্যাম্পাস প্রদক্ষিণ করে।

এতে সমাজকর্ম বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মোস্তফা হাসান এবং প্রক্টর অধ্যাপক ড. মুহাম্মদ তাজাম্মুল হকসহ বিভাগের শিক্ষক ও শিক্ষার্থীরা অংশগ্রহণ করেন।



'ওয়ার্ল্ড মেন্টাল হেলথ ডে ২০২৫' উপলক্ষ্যে আয়োজিত র‌্যালির একাংশ

এবারের ওয়ার্ল্ড মেন্টাল হেলথ ডে'র প্রতিপাদ্য– 'Access to Services: Mental Health in Catastrophes and Emergencies'। দিবসটির মূল লক্ষ্য হচ্ছে মানুষের মানসিক স্বাস্থ্যের গুরুত্ব সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করা এবং মানসিক সমস্যায় আক্রান্ত ব্যক্তিদের প্রতি সহমর্মিতা প্রদর্শন।

## রাষ্ট্রবিজ্ঞান বিভাগের আলোচনা সভা ও সম্মাননা প্রদান অনুষ্ঠান

'জগন্নাথ বিশ্ববিদ্যালয় দিবস ২০২৫' উদ্‌যাপন উপলক্ষ্যে রাষ্ট্রবিজ্ঞান বিভাগের আয়োজনে "ফ্যাসিবাদী দুঃশাসন ও মানবাধিকার লঙ্ঘনে রাষ্ট্রের দায়" শীর্ষক আলোচনা সভা ও সম্মাননা প্রদান অনুষ্ঠান ২৭ অক্টোবর বিভাগীয় কক্ষে অনুষ্ঠিত হয়।



২০১৯-২০ শিক্ষাবর্ষের শিক্ষার্থী খাদিজাতুল কুবরাকে সম্মাননা স্মারক প্রদান করছেন উপাচার্য

## ইসলামিক স্টাডিজ বিভাগে 'সীরাত কর্নার' স্থাপন

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ইসলামিক স্টাডিজ বিভাগে ২৭ অক্টোবর 'সীরাত কর্নার' স্থাপন করা হয়েছে। বিশ্ববিদ্যালয় দিবস উপলক্ষ্যে এর আনুষ্ঠানিক উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মোঃ রেজাউল করিম, পিএইচডি।

উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ইসলামিক স্টাডিজ বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মোঃ রইছ উদ্‌দীন, শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. মোঃ মোশাররাফ হোসেনসহ বিভাগের অন্যান্য শিক্ষক ও অতিথিবৃন্দ।

সীরাত কর্নার-এ বিভিন্ন গুরুত্বপূর্ণ ইসলামিক গ্রন্থ সংরক্ষিত হয়েছে, যা শিক্ষার্থী ও দর্শনার্থীদের জন্য উন্মুক্ত রাখা হবে। উদ্যোগটি শিক্ষার্থীদের ধর্মীয় জ্ঞান, গবেষণা ও নৈতিক চেতনা বৃদ্ধিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে আশা প্রকাশ করা হয়।

### বাংলাদেশ-চীন অর্থনৈতিক সম্পর্ক বিষয়ক সেমিনার অনুষ্ঠিত

মার্কেটিং বিভাগের উদ্যোগে 'The Evolving Dynamics of Bangladesh Economy and Its Trade Relationship with China' শীর্ষক এক সেমিনার ৪ নভেম্বর অনুষ্ঠিত হয়েছে। সেমিনারে বাংলাদেশের অর্থনৈতিক অগ্রগতি এবং বিশ্ব অর্থনীতির দ্বিতীয় বৃহত্তম অংশীদার চীনের সঙ্গে দ্বিপাক্ষিক বাণিজ্যিক সম্পর্কের নানা দিক নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। সেমিনারে প্রধান আলোচক হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ পররাষ্ট্র মন্ত্রণালয়ের ফরেন সার্ভিস একাডেমির মহাপরিচালক জনাব ইকবাল আহমেদ।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিজনেস স্টাডিজ অনুষদের ডিন অধ্যাপক ড. মুহাম্মদ মঞ্জুর মুর্শেদ ভূঁইয়া। কোর্স কো-অর্ডিনেটর হিসেবে উপস্থিত ছিলেন মার্কেটিং বিভাগের অধ্যাপক ড. শেখ রফিকুল ইসলাম। এ সময় মার্কেটিং বিভাগের শিক্ষকবৃন্দ ও শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।

## নিয়োগ/যোগদান

### ডিন (কলা অনুষদ)

কলা অনুষদভুক্ত বিভাগসমূহের মধ্যে পরবর্তী জ্যেষ্ঠ অধ্যাপক ড. আরজুমন্দ আরা বানু-কে ৩ ডিসেম্বর হতে পরবর্তী দুই বছরের জন্য কলা অনুষদের ডিন হিসেবে নিযুক্ত করা হয়েছে।

**চেয়ারম্যান (প্রাণিবিদ্যা বিভাগ)**

প্রাণিবিদ্যা বিভাগের অধ্যাপক ড. মোহাম্মদ আব্দুল বাকী- কে ১২ নভেম্বর হতে পরবর্তী তিন বছরের জন্য উক্ত বিভাগের চেয়ারম্যান হিসেবে নিযুক্ত করা হয়েছে।

**চেয়ারম্যান (দর্শন বিভাগ)**

দর্শন বিভাগের অধ্যাপক ড. সিত্তুল মুনা হাসান-কে ১৫ ডিসেম্বর হতে পরবর্তী তিন বছরের জন্য উক্ত বিভাগের চেয়ারম্যান হিসেবে নিযুক্ত করা হয়েছে।

**আবাসিক ও সহকারী আবাসিক শিক্ষক (ফয়জুন্নেসা চৌধুরানী হল)**

১১ নভেম্বর হতে রাষ্ট্রবিজ্ঞান বিভাগের সহযোগী অধ্যাপক ড. রাকিবা সুলতনা-কে নওয়াব ফয়জুন্নেসা চৌধুরানী হল-এর আবাসিক শিক্ষক এবং গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের প্রভাষক কামনা আক্তার-কে সহকারী আবাসিক শিক্ষক হিসেবে পরবর্তী দুই বছরের জন্য নিযুক্ত করা হয়েছে।

## ডিগ্রি/সম্মাননা/সদস্যপদ/অংশগ্রহণ

### অতিরিক্ত পরিচালক (আইকিউএসি)

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেল (আইকিউএসি)-এর অতিরিক্ত পরিচালক ও রসায়ন বিভাগের অধ্যাপক ড. মুহাম্মদ জামির হোসেন বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল কর্তৃক আয়োজিত ক্যাপাসিটি বিল্ডিং অব আইকিউএসি শীর্ষক পেশাগত প্রশিক্ষণে অংশগ্রহণ করে সফলভাবে সম্পন্ন করে সনদ অর্জন করেন। এই উপলক্ষ্যে তিনি ৩০ নভেম্বর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মোঃ রেজাউল করিম, পিএইচডি-এর সাথে শুভেচ্ছা বিনিময় করেন।

### সমাজবিজ্ঞান বিভাগের দুই শিক্ষকের পিএইচডি ডিগ্রি অর্জন

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের সমাজবিজ্ঞান বিভাগের সহযোগী অধ্যাপক শ্যামলী শীল এবং সহকারী অধ্যাপক শাহনাজ সরকার মালয়েশিয়ার মালায়া ইউনিভার্সিটি (University Malaya) থেকে সম্প্রতি পিএইচডি ডিগ্রি অর্জন করেছেন।

সহযোগী অধ্যাপক শ্যামলী শীল 'Empowerment of Garment Workers Bargaining with Public Patriarchy in Bangladesh' শীর্ষক গবেষণা শিরোনামে এবং সহকারী অধ্যাপক শাহনাজ সরকার 'Bangladeshi Migrant Women and the Significance of Social Capital in their Everyday Lives' শীর্ষক গবেষণা শিরোনামে পিএইচডি সম্পন্ন করেন। একইসাথে সহকারী অধ্যাপক শাহনাজ সরকার পিএইচডি জিওটি অ্যাওয়ার্ডে ভূষিত হন।

### ত্রিমাত্রিক শিল্প নকশা বিভাগের শিক্ষকের অর্জন

বাংলাদেশ শিল্পকলা একাডেমির চারুকলা বিভাগের ব্যবস্থাপনায় আয়োজিত ২৪তম নবীন শিল্পী চারুকলা প্রদর্শনী ২০২৫-এ শ্রেষ্ঠ পুরস্কার অর্জন করেছেন জগন্নাথ বিশ্ববিদ্যালয় চারুকলা অনুষদের ত্রিমাত্রিক শিল্প নকশা বিভাগের খণ্ডকালীন শিক্ষক আসফিকুর রহমান। 'নির্মাণ এবং বিভ্রান্তি' শিরোনামের শিল্পকর্মের জন্য তিনি এ সম্মাননা লাভ করেন।

এ উপলক্ষ্যে ২১ ডিসেম্বর তিনি জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মোঃ রেজাউল করিম, পিএইচডি এবং ট্রেজারার অধ্যাপক ড. সাবিনা শরমীনের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ ও শুভেচ্ছা বিনিময় করেন। এ সময় বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার অধ্যাপক ড. মোঃ শেখ গিয়াস উদ্দিন এবং প্রিন্টমেকিং বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. বজলুর রশীদ খানসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

### ভূগোল ও পরিবেশ বিভাগের তিন শিক্ষার্থীর গবেষণা ফেলোশিপ অর্জন

নদী ব্যবস্থাপনা, স্থিতিস্থাপকতা (রেজিলিয়েন্স) ও জলবায়ু পরিবর্তন বিষয়ক গবেষণার জন্য অক্সফাম ও সিসিডিবি গবেষণা ফেলোশিপ পেয়েছেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ভূগোল ও পরিবেশ বিভাগের স্নাতকোত্তর শ্রেণির তিন শিক্ষার্থী।

হাবিবা মেহজাবিন তপা নেদারল্যান্ডস-অক্সফামের অর্থায়নে পরিচালিত 'অক্সফাম ইন বাংলাদেশ'র 'ট্রোসা-টু প্রকল্প' শিক্ষাবৃত্তি অর্জন করেছেন। নদী নির্ভর জেলেদের জলবায়ু ন্যায়বিচার, পরিবেশগত ঝুঁকি, পানি ব্যবস্থাপনা ও জলসম্পদ ব্যবহারের টেকসই পদ্ধতি এই বিষয়ে তিনি গবেষণা করবেন। তাঁর তত্ত্বাবধায়ক বিভাগের সহযোগী অধ্যাপক ড. মো. আব্দুল মালেক। একই প্রকল্পের অধীনে নওশিন তাবাস্সুম অর্জন করেছেন 'ট্রোসা-টু: নদী, অধিকার ও স্থিতিস্থাপকতা প্রকল্প' গবেষণা ফেলোশিপ। তিনি নদী ব্যবস্থাপনা, নদী-নির্ভর জনগোষ্ঠীর অধিকার ও তাদের স্থিতিস্থাপকতা সংক্রান্ত গবেষণা পরিচালনা করবেন।

এ ছাড়া সহযোগী অধ্যাপক ড. রিফফাত মাহমুদের তত্ত্বাবধানে মো. ফুয়াদ হাসান শাওন পেয়েছেন বাংলাদেশ খ্রিষ্টান কমিশন ফর ডেভেলপমেন্ট (সিসিডিবি)-এর 'সিসিডিবি স্কলারশিপ ২০২৫'। এ বৃত্তির অর্থায়ন করছে জার্মান উন্নয়ন সংস্থা 'ব্রট ফ্যুউর ডি ভেল্ট'। তাঁর গবেষণার মূল বিষয় জলবায়ু পরিবর্তন, কমিউনিটি ভিত্তিক অভিযোজন এবং মাঠপর্যায়ে তথ্য-ঘাটতি পূরণ।

## ক্রীড়া সংবাদ

### পোগোজ ল্যাবরেটরি স্কুল অ্যান্ড কলেজে বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা ২০২৫-এর পুরস্কার বিতরণ অনুষ্ঠিত

পোগোজ ল্যাবরেটরি স্কুল অ্যান্ড কলেজ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের আয়োজিত বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা ২০২৫-এর পুরস্কার বিতরণী অনুষ্ঠান ১০ নভেম্বর স্কুলের অডিটোরিয়ামে অনুষ্ঠিত হয়।

## সাংগঠনিক কার্যক্রম

### জবি প্রশাসনের বছর পূর্তি: জবিসাস প্রকাশিত 'সম্বর্ত'র মোড়ক উন্মোচন



জবিসাসের 'সম্বর্ত' ম্যাগাজিনের মোড়ক উন্মোচন করছেন উপাচার্য ও ট্রেজারার

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের (জবি) বর্তমান প্রশাসনের এক বছর পূর্তি উপলক্ষে বিশ্ববিদ্যালয় সাংবাদিক সমিতি (জবিসাস) প্রকাশিত বার্ষিক ম্যাগাজিন 'সম্বর্ত'-এর মোড়ক উন্মোচন করা হয়েছে। ৩০ অক্টোবর উপাচার্যের কনফারেন্স রুমে এ মোড়ক

উন্মোচন করেন বিশ্ববিদ্যালয়ের সাংবাদিক সমিতির প্রধান উপদেষ্টা ও উপাচার্য অধ্যাপক মোঃ রেজাউল করিম, পিএইচডি।

ম্যাগাজিনে প্রকাশিত সংবাদের ভিত্তিতে পাঁচজন সেরা প্রতিবেদক নির্বাচিত হন। দৈনিক যুগান্তর বিশ্ববিদ্যালয় প্রতিবেদক সাকেরুল ইসলাম, দ্য নিউ নেশনের মো. আব্দুর রাকিব, কালের কণ্ঠের মো. জুনায়েত শেখ, দৈনিক খবর সংযোগের সাফা খাতুন এবং দৈনিক আমাদের সময়ের রাকিবুল ইসলাম।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সংগঠনটির সভাপতি ইমরান হুসাইন। এসময় উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. সাবিনা শরমীন, অর্থ ও হিসাব দপ্তরের পরিচালক অধ্যাপক ড. শেখ রফিকুল ইসলাম, জনসংযোগ, তথ্য ও প্রকাশনা দপ্তরের পরিচালক ড. মুহাম্মদ আনওয়ারুস সালাম। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন জবিসাসের সাধারণ সম্পাদক মাহতাব হোসেন লিমন।

'সম্বর্ত' ম্যাগাজিনে বিশ্ববিদ্যালয় প্রশাসনের এক বছরের সাফল্য, শিক্ষার্থীদের অর্জন, গবেষণা, সাংস্কৃতিক কার্যক্রমসহ বিভিন্ন দিক তুলে ধরা হয়েছে।

## জবিতে মাদকবিরোধী স্লোগান প্রতিযোগিতার পুরস্কার বিতরণ অনুষ্ঠিত

জগন্নাথ বিশ্ববিদ্যালয় মাদকবিরোধী প্রচারণা কমিটির তত্ত্বাবধানে এবং মাদকবিরোধী ফোরামের আয়োজনে 'মাদকবিরোধী স্লোগান প্রতিযোগিতা'-এর পুরস্কার বিতরণ অনুষ্ঠান ৩০ অক্টোবর বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মোঃ রেজাউল করিম, পিএইচডি।

অনুষ্ঠানে মাদকবিরোধী স্লোগান প্রতিযোগিতায় অংশগ্রহণকারী ৭৮ জন প্রতিযোগীর মধ্যে প্রথম তিনজনকে শুভেচ্ছা উপহার ও সম্মাননা স্মারক প্রদান করা হয়। প্রথম স্থান অর্জন করেন শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউটের ১৬তম ব্যাচের শিক্ষার্থী রাশেদুজ্জামান লিমন, তার স্লোগান ছিল– "মাদক ছেড়ে বই পড়ি, সুস্থ সুন্দর জীবন গড়ি।" দ্বিতীয় স্থান অর্জন করেন গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের ১৫তম ব্যাচের মোস্তাফিজুর রহমান, এবং তৃতীয় স্থান অর্জন করেন অর্থনীতি বিভাগের ১৯তম ব্যাচের কনিকা রাণী।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জবি ক্যাম্পাসে মাদকবিরোধী প্রচারণা কমিটির আহ্বায়ক ও গবেষণা সেলের পরিচালক অধ্যাপক ড. ইমরানুল হক। এ সময় উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. সাবিনা শরমীন, শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক অধ্যাপক ড. মোঃ রইছ উদ্‌দীন এবং প্রক্টর অধ্যাপক ড. মুহাম্মদ তাজাম্মুল হক। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. সাবিনা শরমীন বলেন।

## বাংলাদেশ তরুণ কলাম লেখক ফোরাম, জবি শাখার নতুন কমিটি গঠন

বাংলাদেশ তরুণ কলাম লেখক ফোরাম, জগন্নাথ বিশ্ববিদ্যালয় শাখার নতুন কমিটি ৮ নভেম্বর গঠিত হয়। এ উপলক্ষ্যে নবগঠিত কমিটির সদস্যবৃন্দ ১০ নভেম্বর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মোঃ রেজাউল করিম, পিএইচডি-এর সঙ্গে সৌজন্য সাক্ষাৎ ও শুভেচ্ছা বিনিময় করেন। এসময় বিশ্ববিদ্যালয়ের প্রক্টর ও সহকারী প্রক্টরবৃন্দ উপস্থিত ছিলেন।

সাক্ষাৎকালে বাংলাদেশ তরুণ কলাম লেখক ফোরাম, জগন্নাথ বিশ্ববিদ্যালয় শাখার নতুন কমিটির সভাপতি মুশফিকুর রহমান ইমন, সাধারণ সম্পাদক সোহানুর রহমানসহ অন্যান্য সদস্যরা সংগঠনের চলমান কার্যক্রম ও ভবিষ্যৎ পরিকল্পনা সম্পর্কে উপাচার্য মহোদয়কে অবহিত করেন। তারা জানান, সংগঠনটি জাতীয় ও আন্তর্জাতিক সমসাময়িক বিষয়াবলি নিয়ে বিভিন্ন জাতীয় দৈনিকে নিয়মিত লেখালেখির মাধ্যমে তরুণ প্রজন্মের মধ্যে সচেতনতা, সৃজনশীলতা ও যুক্তিবোধ বিকাশে কাজ করে যাচ্ছে।

এছাড়াও উক্ত সংগঠনের ২০ জন শিক্ষার্থী একদিনে ২০টি লেখা প্রকাশের অসামান্য সাফল্যের জন্য বিশ্ববিদ্যালয়ের উপাচার্য-এর কাছ থেকে 'লেখক সম্মাননা' গ্রহণ করেন। উপাচার্য মহোদয় শিক্ষার্থীদের হাতে সম্মাননা পুরস্কার তুলে দেন এবং তাঁদের সৃজনশীল অর্জনের জন্য শুভেচ্ছা জানান।

## পরিসংখ্যান বিভাগের শিক্ষার্থী জুবায়েদ-এর অকাল মৃত্যুতে শোক সভা

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের (জবি) পরিসংখ্যান বিভাগের ২০১৯-২০ শিক্ষাবর্ষের (১৫তম ব্যাচ) শিক্ষার্থী মোঃ জুবায়েদ হোসেন নির্মম হত্যাকাণ্ডের শিকার হয়ে ইন্তেকাল করায় বিশ্ববিদ্যালয় পরিবারের পক্ষ থেকে গভীর শোক প্রকাশ করা হয়েছে। এ উপলক্ষ্যে ২১ অক্টোবর বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান ভবন প্রাঙ্গণে এক শোক সভা অনুষ্ঠিত হয়।

শোকসভায় সভাপতিত্ব করেন পরিসংখ্যান বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. আবু সাইদ মোঃ রিপন রউফ। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার অধ্যাপক ড. মোঃ শেখ গিয়াস উদ্দিন।

সভায় জুবায়েদের সহোদর বড় ভাই সৈকত হোসেন, বিভাগীয় শিক্ষকবৃন্দ, সহপাঠী ও বিভিন্ন ছাত্র সংগঠনের নেতৃবৃন্দ জুবায়েদের স্মৃতিচারণ করেন এবং তার হত্যাকাণ্ডের দ্রুত বিচারের দাবি জানান। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদের ডিন, বিভাগীয় চেয়ারম্যান, শিক্ষক, শিক্ষার্থী, বিভিন্ন দপ্তরের পরিচালক, ক্রিয়াশীল ছাত্র সংগঠনের নেতৃবৃন্দ এবং সাংবাদিক প্রতিনিধিবৃন্দসহ বিশ্ববিদ্যালয় পরিবারের বিভিন্ন সদস্য উপস্থিত ছিলেন।

## বিশ্ববিদ্যালয় প্রশাসনের উদ্যোগে বেগম খালেদা জিয়ার সুস্থতা কামনায় দু'আ মাহফিল অনুষ্ঠিত




জবি প্রশাসনের উদ্যোগে বেগম খালেদা জিয়ার সুস্থতা কামনায় দু'আ মাহফিলে বক্তব্য প্রদান করছেন জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি

বাংলাদেশের অন্তর্বর্তী সরকারের আহ্বানের প্রেক্ষিতে জগন্নাথ বিশ্ববিদ্যালয় প্রশাসনের উদ্যোগে সাবেক সফল প্রধানমন্ত্রী এবং জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠাতা ও রূপকার দেশনেত্রী বেগম খালেদা জিয়া'র আশু রোগমুক্তি ও সুস্থতা কামনায় এক দু'আ মাহফিল ৫ ডিসেম্বর বাদ জুম'আ বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় জামে মসজিদে এ দু'আ মাহফিল অনুষ্ঠিত হয়।

এসময় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মোঃ রেজাউল করিম, পিএইচডি বলেন, বেগম খালেদা জিয়া বাংলাদেশের একজন সফল নেত্রী। তিনি সকলের হৃদয়ের অন্তঃস্থলে স্থান করে নিয়েছেন। বিশেষ করে এই বিশ্ববিদ্যালয় যতদিন বিদ্যমান থাকবে, আমরা তাঁর প্রতিষ্ঠাতার মর্যাদাকে আমাদের মণিকোঠায় ধারণ করে রাখবো। জাতির জন্য তাঁর যে অবদান, তা অনস্বীকার্য। আমরা আশা করি, তিনি দ্রুত সম্পূর্ণ সুস্থ হয়ে আমাদের মাঝে পুনরায় ফিরে আসবেন।

জবি শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. মোঃ মোশাররাফ হোসেন বলেন, বেগম খালেদা জিয়া যেন পরিপূর্ণভাবে সুস্থ হয়ে দ্রুত আমাদের মাঝে ফিরে আসেন– এই কামনা করছি। সংক্ষিপ্ত আলোচনা পর্বটি সঞ্চালনা করেন বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার অধ্যাপক ড. মোঃ শেখ গিয়াস উদ্দিন।

দু'আ মাহফিল পরিচালনা করেন বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় জামে মসজিদের সিনিয়র পেশ-ইমাম-কাম-খতিব মাওলানা মোঃ ছালাহ্ উদ্দিন। এসময় মহিলাদের জন্য নির্ধারিত নামাজের স্থানে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. সাবিনা শরমীন। এছাড়া বিজনেস স্টাডিজ অনুষদের ডিন, বিভিন্ন বিভাগের চেয়ারম্যান, প্রক্টর, বিভিন্ন দপ্তরের পরিচালক, শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা, কর্মচারী, ক্রিয়াশীল ছাত্র সংগঠনের নেতৃবৃন্দ এবং সাংবাদিক প্রতিনিধিসহ অনেকেই দু'আ মাহফিলে অংশগ্রহণ করেন।

প্রধান পৃষ্ঠপোষক: অধ্যাপক মোঃ রেজাউল করিম, পিএইচডি, উপাচার্য, জগন্নাথ বিশ্ববিদ্যালয়।। পৃষ্ঠপোষক: অধ্যাপক ড. সাবিনা শরমীন, ট্রেজারার, জগন্নাথ বিশ্ববিদ্যালয়।।
সম্পাদনায়: সম্পাদনা পর্ষদ, জগন্নাথ বিশ্ববিদ্যালয় বার্তা।। অক্টোবর-ডিসেম্বর, ২০২৫।। ফোন: ৯৫৩৪২৫৫, ফ্যাক্স: +৮৮০-০২-৭৪১১৮৪৯, www.jnu.ac.bd
প্রকাশনায়: জনসংযোগ, তথ্য ও প্রকাশনা দপ্তর, জগন্নাথ বিশ্ববিদ্যালয়